



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd



সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২০৯

তারিখঃ ১৫ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭৪২ তম কমিশন সভা অদ্য ৩০/০৯/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবায়েয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে :-

০১. কমিশন অধ্যকার সভায় কমিশন বে-মেয়াদী মিউচুয়াল ফান্ড 'SAML Income Unit Fund' এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ১০ (দশ) কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ১ (এক) কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ৯ (নয়) কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা এবং সম্পদ ব্যবস্থাপক হিসেবে কাজ করছে শাহজালাল গ্র্যাসেট ম্যানেজম্যান্ট লি:। এছাড়াও ফান্ডটির ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে সন্ধানী লাইফ ইন্স্যুরেন্স কো: লি: এবং ব্রাক ব্যাংক লি:।
০২. DOEL Group of Industries Limited কর্তৃক ইস্যুকৃত ২টি তালিকাভুক্ত ডিবেঞ্চার যথাঃ BD. Zipper 14% Debenture ও BD. Luggage 14% Debenture এবং OTC মার্কেটে লেনদেনকৃত ৪টি কোম্পানি যথা: Bangladesh Chemical Industries Ltd., Bangladesh Dyeing & Finishing Ind. Ltd., Bangladesh Luggage Industries Ltd. ও Bangladesh Zipper Industries Ltd. এর সাধারণ ও প্রাতিষ্ঠানিক শেয়ারহোল্ডার ও ডিবেঞ্চার হোল্ডারদের বিনিয়োগকৃত অর্থ ও দাবি আদায়ের লক্ষ্যে এ সকল সিকিউরিটিজের লেনদেন সাময়িকভাবে বন্ধ করে De-listing প্রক্রিয়া শুরু করার জন্য নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে উভয় স্টক এক্সচেঞ্জ ১টি Escrow Account যৌথভাবে পরিচালনার মাধ্যমে ডিবেঞ্চার এবং শেয়ার হোল্ডারদের অর্থ ও দাবি নামিক মূল্যে (Face value) অথবা ইস্যু মূল্যে অথবা নেগোসিয়েটেড মূল্যে (Negotiated price) পরিশোধ করবে।
০৩. কমিশনের জারীকৃত নোটিফিকেশন নং-SEC/CMRRCD/2009-193/07/Admin/ dated 01 September 2020 এবং Order No. BSEC/CMRRCD/2009-193/08/Admin/ dated 01 September 2020 এর আলোকে Union Capital Ltd এর পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে কমিশনের আলোচনা হয়। তাদের পরিকল্পনা ও সার্বিক বিষয় পর্যালোচনা করে Union

Muhammad

“মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার”



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd



Capital Ltd. এর শেয়ারের ক্যাটাগরি নতুন Order অনুযায়ী Z-Catetgory হতে উন্নীতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ কোম্পানি কর্তৃক Corporate Governance Code পরিপালন ও Quarterly Financial Statement দাখিল সংক্রান্ত কিছু ব্যত্যয় পরিলক্ষিত হয়।

সার্বিক বিবেচনায় Union Capital Ltd এর Corporate Governance Code যথাযথভাবে পরিপালন এবং Z-Catetgory-তে লেনদেনকৃত কোম্পানির সার্বিক ব্যবস্থাপনায় দায়বদ্ধতা আনয়নের লক্ষ্যে কমিশনের নোটিফিকেশন নং-SEC/CMRRCD/2009-193/07/Admin/ dated 01 September 2020 এর শর্ত নং (২) অনুযায়ী নিম্নোক্ত ০২ (দুই) জন Independent Director (স্বাধীন পরিচালক) নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়।

Rezaul
30-09-20

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র